রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয় বাংলাদেশ
কুষ্টিয়া-৭০০৩
ফোন : +৪৪-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস)
পিএবিএক্স : +৪৪-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৪৪-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল: registrar@iu.ac.bd, Website : www.iu.ac.bd

Office of the Registrar
Islamic University Bangladesh
Kushtia-7003
Phone : +88-02477786704 (Office)
PABX : +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website : www.iu.ac.bd



স্মারক নং : প্রশা:/ইবি-২০২৬/৩০৭৯ তারিখ : ০৮/১১/২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: ইসলামী বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তন-২০২৭ উপলক্ষে নিবন্ধন, ফি প্রদান ও অংশগ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা ইসলামী বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট প্রাক্তন শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তন আগামী ২ ফেব্রুয়ারি ২০২৭ ইং তারিখে অনুষ্ঠিত হবে।

সমাবর্তনে অংশগ্রহণে ইচ্ছুক গ্র্যাজুয়েটদের নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে নিবন্ধন ও অন্যান্য ফি পরিশোধের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

১। নিবন্ধনের যোগ্যতা

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক রেকর্ড ও অফিসিয়াল গ্র্যাজুয়েট তালিকায় অন্তর্ভুক্ত নিম্নোক্ত শিক্ষাবর্ষের ডিগ্রিধারীরা সমাবর্তনে নিবন্ধন করতে পারবেন।

ডিগ্রির নাম	শিক্ষাবর্ষ/যোগ্যতা
স্নাতক (সম্মান)	২০১২–২০১৩ থেকে ২০২০–২০২১
স্নাতকোত্তর (মাস্টার্স)	২০১৫–২০১৬ থেকে ২০২২–২০২৩
মাস্টার্স (সন্ধ্যাকালীন)	২০২২–২০২৩ শিক্ষাবর্ষ পর্যন্ত
এমফিল	২৩৭তম হতে ২৭৫তম সিন্ডিকেট পর্যন্ত ডিগ্রিপ্রাপ্ত
পিএইচডি	২৩৭তম হতে ২৭৫তম সিন্ডিকেট পর্যন্ত ডিগ্রিপ্রাপ্ত

আবেদনকারীর ডিগ্রি, বিভাগ, শিক্ষাবর্ষ, পরীক্ষার বছর, রোল/রেজিস্ট্রেশন নম্বর ও অন্যান্য তথ্য বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল রেকর্ডের সঙ্গে যাচাই করা হবে।

বিশেষ নির্দেশনা:

ক) ২০১১–২০১২ শিক্ষাবর্ষের যেসব বিভাগের স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফল বিলম্বে প্রকাশিত হওয়ায় গ্র্যাজুয়েটরা ৪র্থ সমাবর্তনে অংশগ্রহণ করতে পারেননি, তারা ৫ম সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন।

খ) একইভাবে, ২০১৪–২০১৫ শিক্ষাবর্ষের যেসব বিভাগের মাস্টার্স পরীক্ষার ফলাফল বিলম্বে প্রকাশিত হওয়ায় গ্র্যাজুয়েটরা ৪র্থ সমাবর্তনে অংশগ্রহণ করতে পারেননি, তারাও ৫ম সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন।

গ) সমাবর্তনে অংশগ্রহণ ছাড়া মূল সনদপত্র গ্রহণকারী গ্র্যাজুয়েটগণ ৫ম সমাবর্তনে নিবন্ধন করতে পারবেন। তবে তাদের পুনরায় মূল সনদপত্র প্রদান করা হবে না।

ঘ) একাধিক ডিগ্রিধারী গ্র্যাজুয়েটরা যোগ্যতা অনুযায়ী একাধিক মূল সনদ গ্রহণ করতে পারবেন।

২। নিবন্ধনের সময়সীমা

কার্যক্রম	নির্ধারিত তারিখ
অনলাইন নিবন্ধন শুরু	১০ নভেম্বর ২০২৬
নিবন্ধনের শেষ তারিখ	২৫ নভেম্বর ২০২৬
৫ম সমাবর্তন	০২ ফেব্রুয়ারি ২০২৭

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয় বাংলাদেশ
কুষ্টিয়া-৭০০৩
ফোন : +৪৪-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস)
পিএবিএক্স : +৪৪-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৪৪-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল: registrar@iu.ac.bd, Website : www.iu.ac.bd

Office of the Registrar
Islamic University Bangladesh
Kushtia-7003
Phone : +88-02477786704 (Office)
PABX : +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website : www.iu.ac.bd



৩। নিবন্ধন ও সনদ ফি

সমাবর্তনে অংশগ্রহণের জন্য প্রত্যেক গ্র্যাজুয়েটকে নিম্নবর্ণিত ফি প্রদান করতে হবে।

ফিস সমুহের বিবরণ	টাকা
নিবন্ধন/রেজিস্ট্রেশন ফি	৪,৫০০/- টাকা [মাস্টার্স (সন্ধ্যাকালীন)এর ক্ষেত্রে ৫,৫০০/- টাকা]
স্নাতক (সম্মান) সনদ ফি	৫০০/- টাকা
মাস্টার্স সনদ ফি	৭০০/- টাকা [মাস্টার্স (সন্ধ্যাকালীন)এর ক্ষেত্রে ১,০০০/- টাকা]
এমফিল সনদ ফি	১,৫০০/- টাকা
পিএইচডি সনদ ফি	২,০০০/- টাকা

একাধিক ডিগ্রির জন্য নিবন্ধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিটি ডিগ্রির সনদ ফি প্রযোজ্য হবে। অর্থ পরিশোধের আগে পোর্টালে প্রদর্শিত মোট ফি যাচাই করতে হবে।

৪। অতিথি নিবন্ধন ও গাউন

ক) প্রত্যেক গ্র্যাজুয়েট সর্বোচ্চ ০৩ (তিন) জন অতিথি সঙ্গে আনতে পারবেন। অতিথি হিসেবে বাবা-মা, স্বামী/স্ত্রী অথবা সন্তানকে অন্তর্ভুক্ত করা যাবে।
খ) অতিথিদের বয়সভিত্তিক ফি নিম্নরূপ:

অতিথির বয়স	নির্ধারিত ফি
৫ বছর ও তদূর্ধ্ব	১,০০০/- টাকা (জনপ্রতি)

গ) নিবন্ধনকারী গ্র্যাজুয়েটগণ গাউন ও উপহার সামগ্রী প্রাপ্য হবেন।
ঘ) নিবন্ধনের সময় গ্র্যাজুয়েটকে অবশ্যই গাউনের সাইজ উল্লেখ করতে হবে।

৫। অনলাইন নিবন্ধনের পদ্ধতি

সমাবর্তনের নিবন্ধন সম্পূর্ণ অনলাইনে সম্পন্ন করতে হবে। এ জন্য নিম্নোক্ত ধাপগুলো অনুসরণ করতে হবে।

ধাপ-১: অ্যাকাউন্ট তৈরি (Create Account)

ক) সমাবর্তনের ওয়েবসাইট https://convocation.iu.ac.bd-এ প্রবেশ করে Registration অপশনে ক্লিক করতে হবে।
খ) বিভাগ, ডিগ্রির ধরণ, রোল/রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ প্রয়োজনীয় তথ্য দিতে হবে।
গ) বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল গ্র্যাজুয়েট তালিকার সঙ্গে তথ্য যাচাইয়ের পর আবেদনকারীরা Account Create করতে পারবেন। অ্যাকাউন্ট তৈরি হলে প্রদত্ত মোবাইল নম্বর ও ই-মেইলে পাসওয়ার্ড পাঠানো হবে।

ধাপ-২: লগইন (Log In)

নিবন্ধনের সময় প্রদত্ত মোবাইল নম্বর ও প্রাপ্ত পাসওয়ার্ড ব্যবহার করে পোর্টালে লগইন করতে হবে।

ধাপ-৩: ব্যক্তিগত তথ্য প্রদান (Personal Information)

ক) আবেদনকারীর নাম, পিতা ও মাতার নাম, জন্মতারিখ, লিঙ্গ, রক্তের গ্রুপ, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে), মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা দিতে হবে।
খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে পেশা ও কর্মস্থলের তথ্য পূরণ করতে হবে।
গ) তথ্য যাচাই করে Save & Continue অপশনে ক্লিক করতে হবে।

ধাপ-৪: ডিগ্রির তথ্য প্রদান (Degree Details)

ক) ডিগ্রির ধরণ নির্বাচন করে রোল/রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Find অপশনের মাধ্যমে তথ্য যাচাই করতে হবে।
খ) একাধিক ডিগ্রি থাকলে Add Degree অপশনের মাধ্যমে প্রতিটি ডিগ্রির তথ্য যুক্ত করতে হবে।
গ) প্রতিটি ডিগ্রির ক্ষেত্রে প্রভিশনাল বা মূল সনদপত্র আগে গ্রহণ করা হয়েছে কি না, তা সঠিকভাবে উল্লেখ করতে হবে। আগে সনদ নেয়া হয়ে থাকলে সনদের ছবি আপলোড করতে হবে।
ঘ) তথ্য যাচাই করে Continue অপশনে ক্লিক করতে হবে।

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয় বাংলাদেশ
কুষ্টিয়া-৭০০৩
ফোন : +88-02477786704 (অফিস)
পিএবিএক্স : +88-02477786710-02477786715/2206 (অফিস)
ফ্যাক্স : +88-02477786705
ই-মেইল: registrar@iu.ac.bd, Website : www.iu.ac.bd

Office of the Registrar
Islamic University Bangladesh
Kushtia-7003
Phone : +88-02477786704 (Office)
PABX : +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website : www.iu.ac.bd



ধাপ-৫: গাউন ও অতিথির তথ্য প্রদান (Gown & Guests)
ক) নিজের গাউনের সাইজ ও সঙ্গে আনতে ইচ্ছুক অতিথির সংখ্যা নির্বাচন করতে হবে।
খ) প্রত্যেক অতিথির নাম, সম্পর্ক, জন্মতারিখ ও প্রয়োজনীয় ছবি আপলোড করতে হবে।
গ) অতিথিদের জন্য প্রযোজ্য ফি যাচাই করে Save & Continue অপশনে ক্লিক করতে হবে।

ধাপ-৬: ছবি আপলোড (Photo Upload)
ক) পাসপোর্ট সাইজের সাম্প্রতিক ছবি আপলোড করতে হবে। ছবি নির্ধারিত ফরম্যাটে (jpg, jpeg, png) ও অনধিক ১.৫ এমবি সাইজের হতে হবে।
খ) ছবি আপলোডের পর Upload & Continue অপশনে ক্লিক করতে হবে।

ধাপ-৭: তথ্য যাচাই ও আবেদন জমা (Review & Submit)
ক) ব্যক্তিগত তথ্য, ডিগ্রির তথ্য, অতিথির তথ্য, ছবি ও ফি-এর বিবরণ ভালোভাবে যাচাই করতে হবে।
খ) প্রদত্ত তথ্য সঠিক ও সম্পূর্ণ হলে সম্মতিসূচক চেকবক্সে টিক দিয়ে Submit Application অপশনে ক্লিক করতে হবে।
গ) আবেদন জমা দেওয়ার পর Payment অপশনে গিয়ে ফি পরিশোধ করতে হবে।

৬। অনলাইন পেমেন্ট
নিবন্ধন, সনদ ও অতিথি সংক্রান্ত সকল প্রযোজ্য ফি অনলাইনে পরিশোধ করতে হবে।
ক) পোর্টালের Payment অপশনে গিয়ে মোট প্রদেয় অর্থ যাচাই করতে হবে।
খ) Pay Online অপশনে ক্লিক করে কার্ড, মোবাইল ব্যাংকিং অথবা ইন্টারনেট ব্যাংকিংয়ের মাধ্যমে ফি পরিশোধ করতে হবে।
গ) পেমেন্ট সফল হলে সমাবর্তন পোর্টালে ফিরে গিয়ে পেমেন্টের অবস্থা যাচাই করতে হবে।
ঘ) Payment Slip/Money Receipt ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে।
ঙ) পেমেন্ট সম্পন্ন হলেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের যাচাই ও অনুমোদনের আগে আবেদন Pending Verification অবস্থায় থাকতে পারে।

বিশেষ নির্দেশনা: একই আবেদনের বিপরীতে একাধিকবার অর্থ পরিশোধ করা যাবে না। পেমেন্টে সমস্যা হলে Payment History ও Transaction Details যাচাই করে Help Desk থেকে প্রয়োজনীয় সহায়তা নিতে হবে।

৭। আবেদন যাচাই, অনুমোদন ও সমাবর্তন কার্ড

ক) আবেদন ও পেমেন্ট সম্পন্ন হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবেদনকারীর তথ্য ও ডিগ্রির বিবরণ যাচাই করবেন।
খ) যাচাই শেষে আবেদন অনুমোদিত হলে পোর্টাল থেকে Convocation Card ডাউনলোড করা যাবে।
গ) Convocation Card-এ গ্র্যাজুয়েটের পরিচিতি, ছবি, আবেদন নম্বর, গাউনের সাইজ, অতিথির তথ্য, ডিগ্রির বিবরণ ও QR Code থাকবে।
ঘ) প্রত্যেক নিবন্ধিত অতিথির জন্য পৃথক Guest Pass/QR Code প্রদান করা হবে।

৮। প্রয়োজনীয় ডকুমেন্ট ও রসিদ সংগ্রহ
নিবন্ধন ও অনুমোদন সংক্রান্ত নিম্নোক্ত ডকুমেন্টসমূহ সমাবর্তন পোর্টালের Documents অপশন থেকে ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে:
ক) Convocation Card
খ) Application Copy
গ) Payment Slip/Money Receipt
ঘ) প্রযোজ্য অন্যান্য ডকুমেন্ট
প্রয়োজনে এসব ডকুমেন্ট প্রিন্ট করে রাখতে হবে।

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয় বাংলাদেশ
কুষ্টিয়া-৭০০৩
ফোন : +88-02477786704 (অফিস)
পিএবিএক্স : +88-02477786710-02477786715/2206 (অফিস)
ফ্যাক্স : +88-02477786705
ই-মেইল: registrar@iu.ac.bd, Website : www.iu.ac.bd

Office of the Registrar
Islamic University Bangladesh
Kushtia-7003
Phone : +88-02477786704 (Office)
PABX : +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website : www.iu.ac.bd



৯। সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণের নির্দেশনা

ক) সমাবর্তনের দিন নির্ধারিত সময়ের আগে অনুষ্ঠানস্থলে উপস্থিত হতে হবে।
খ) Convocation Card ও জাতীয় পরিচয়পত্র/পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।
গ) অতিথিদের Guest Pass সঙ্গে রাখতে হবে। আতিথিগণ কোন অবস্থাতেই সমাবর্তন স্থলে প্রবেশ করতে পারবেন না।
ঘ) প্রবেশপথে গ্র্যাজুয়েট ও অতিথিদের QR Code যাচাই করা হবে।
ঙ) নির্ধারিত আসন ও ব্লক অনুযায়ী আসন গ্রহণ করতে হবে।
চ) অনুষ্ঠানের শৃঙ্খলা ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ করতে হবে।
ছ) সমাবর্তনে অংশগ্রহণের জন্য নিবন্ধিত গ্র্যাজুয়েটগণ নিজ নিজ বিভাগ থেকে নির্ধারিত সময়সূচি অনুযায়ী গাউন ও অন্যান্য আনুষঙ্গিক সামগ্রী সংগ্রহ করবেন। গাউন সংগ্রহ ও ফেরত প্রদানের সময়সূচি এবং এ-সংক্রান্ত অন্যান্য নির্দেশনা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন পোর্টালে প্রকাশ করা হবে।

১০। বিশেষ নির্দেশনা

ক) নিবন্ধনের সময় সকল তথ্য সঠিক ও সম্পূর্ণভাবে প্রদান করতে হবে। ভুল বা অসম্পূর্ণ তথ্যের কারণে সৃষ্ট জটিলতার দায় সংশ্লিষ্ট আবেদনকারীকে বহন করতে হবে।
খ) নিবন্ধন ও ফি পরিশোধ সম্পন্ন করলেই আবেদন চূড়ান্তভাবে অনুমোদিত বলে গণ্য হবে না। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের যাচাই ও অনুমোদন সাপেক্ষে নিবন্ধন চূড়ান্ত হবে।
গ) সমাবর্তন সংক্রান্ত যেকোনো পরিবর্তন, বিজ্ঞপ্তি ও গুরুত্বপূর্ণ নির্দেশনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এবং সমাবর্তন পোর্টালে প্রকাশ করা হবে।

১১। যোগাযোগ ও তথ্যপ্রাপ্তি

সমাবর্তনের নিবন্ধন, পেমেন্ট, আবেদন যাচাই ও অন্যান্য তথ্যের জন্য নিম্নোক্ত ওয়েবসাইট পরিদর্শন করতে হবে:
বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: https://www.iu.ac.bd
সমাবর্তন পোর্টাল: https://convocation.iu.ac.bd
প্রয়োজনে সমাবর্তন পোর্টালে প্রদর্শিত Contact/Help Desk-এর মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ করা যাবে।

সকল গ্র্যাজুয়েটকে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন নিবন্ধন ও ফি পরিশোধ করে ৫ম সমাবর্তন-২০২৭-এ অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হলো।

০৪.১১.২০২৬

(প্রফেসর ড. মোঃ আতিকুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয় বাংলাদেশ
কুষ্টিয়া-৭০০৩